Envoys of four Nations present Credentials to the President of India

October 26, 2021

চারটি দেশের রাষ্ট্রদূত রাষ্ট্রপতির কাছে তাঁদের পরিচয়পত্র জমা দিয়েছেন

রাষ্ট্রপতি শ্রী রামনাথ কোবিন্দ লুক্সেমবুর্গ, স্লোভেনিয়া, ইজরায়েল এবং মিশরের রাষ্ট্রদূতদের পরিচয়পত্র আজ রাষ্ট্রপতি ভবনের অশোক হলে গ্রহণ করেছেন। কোভিড-১৯ মহামারীর পর এই প্রথম ব্যক্তিগত উপস্থিতির মধ্য দিয়ে রাষ্ট্রদূতদের পরিচয়পত্র গ্রহণ করা হল। যাঁরা পরিচয় পত্র রাষ্ট্রপতির কাছে জমা দিয়েছেন তাঁরা হলেন:

- 1. লুক্সেমবুর্গের রাষ্ট্রদৃত মিস তেগী ফ্রান্তসেন
- 2. স্লোভেনিয়ার রাষ্ট্রদৃত মিস মাতেজা ভোদেব ঘোষ
- 3. ইজরায়েলের রাষ্ট্রদূত মিস্টার নাওর গিলোন
- 4. মিশরের রাষ্ট্রদৃত মিস্টার ওয়ায়েল মোহামেদ আওয়াদ হামেদ

রাষ্ট্রপতি পরিচয় পত্র গ্রহণ করার পর রাষ্ট্রদৃতদের সঙ্গে পৃথকভাবে মতবিনিময় করেছেন। তিনি তাঁদের অভিনন্দন জানিয়ে বলেন সংশ্লিষ্ট দেশগুলির সঙ্গে ভারতের দ্বিপাক্ষিক সম্পর্ক তাঁদের উদ্যোগে আরও দৃঢ় হবে। রাষ্ট্রপতি ভারতের সঙ্গে এই দেশগুলির বহুস্তরীয় সম্পর্কের কথা উল্লেখ করেন। রাষ্ট্রদৃতদের মাধ্যমে শ্রী কোবিন্দ ওই দেশগুলির সরকার প্রধানদের ব্যক্তিগতভাবে শুভেচ্ছা জানান। ভারতের সঙ্গে এই দেশগুলির সম্পর্ক আরও দৃঢ় করার জন্য রাষ্ট্রদৃতরা একযোগে কাজ করবেন বলে প্রতিশ্রুতি দিয়েছেন।

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.